

Lecture no -25

বিষয়ঃ যুক্তিবিদ্যা

অধ্যায়-৩য়

গুন ও পরিমাণ অনুসারে যুক্তিবাক্য

গুন ও পরিমাণ অনুসারে যুক্তিবাক্য ৪ প্রকার

১, সার্বিক সদর্থক যুক্তিবাক্য

২, সার্বিক নঞর্থক যুক্তিবাক্য

৩, বিশেষ সদর্থক যুক্তিবাক্য

৪, বিশেষ নঞর্থক যুক্তিবাক্য

১, সার্বিক সদর্থক যুক্তিবাক্যঃ যে যুক্তিবাক্য বিধেয় পদ উদ্দেশ্য পদের সম্পূর্ণ ব্যক্তার্থকে স্বীকার করে তাকে সার্বিক সদর্থক যুক্তিবাক্য বলে। যেমন- সকল দার্শনিক হয় জ্ঞানী। সার্বিক সদর্থক যুক্তিবাক্যকে A দ্বারা প্রতিকায়িত করা হয়।

২, সার্বিক নঞর্থক যুক্তিবাক্যঃ যে যুক্তিবাক্য বিধেয় পদ উদ্দেশ্য পদের সম্পূর্ণ ব্যক্তার্থকে অস্বীকার করে তাকে সার্বিক নঞর্থক যুক্তিবাক্য বলে। যেমন- কোনো মানুষ নয় গরু। সার্বিক নঞর্থক যুক্তিবাক্যকে E দ্বারা প্রতিকায়িত করা হয়।

৩, বিশেষ সদর্থক যুক্তিবাক্যঃ যে যুক্তিবাক্য বিধেয় পদ উদ্দেশ্য পদেও আংশিক ব্যক্তার্থকে স্বীকার করে তাকে বিশেষ সদর্থক যুক্তিবাক্য বলে। যেমন- কিছু জীব হয় মানুষ। বিশেষ সদর্থক যুক্তিবাক্যকে I দ্বারা প্রতিকায়িত করা হয়।

৪, বিশেষ নঞর্থক যুক্তিবাক্যঃ যে যুক্তিবাক্য বিধেয় পদ উদ্দেশ্য পদের আংশিক ব্যক্তার্থকে অস্বীকার করে তাকে বিশেষ নঞর্থক যুক্তিবাক্য বলে। যেমন- কিছু মানুষ নয় জ্ঞানী। বিশেষ নঞর্থক যুক্তিবাক্যকে O দ্বারা প্রতিকায়িত করা হয়।

প্রশ্ন ১৮। অনুমানের আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের মধ্যে অনিবার্য সম্পর্ক প্রয়োজন কেন?

[চ. বো. '১৭.]

উত্তর: অনুমান কোনো জ্ঞাত বিষয়ের ওপর ভিত্তি করে কোনো অজ্ঞাত বিষয় সম্পর্কে সিদ্ধান্ত প্রতিষ্ঠা করা হয়। অনুমানে জ্ঞাত বিষয় হিসেবে থাকে অশ্রয়বাক্য এবং অজ্ঞাত বিষয় হিসেবে থাকে সিদ্ধান্ত। এখানে আশ্রয় বাক্য থেকে সিদ্ধান্ত অনিবার্যভাবে অনুমিত হয়। তাই অনুমানে আশ্রয়বাক্য ও সিদ্ধান্তের মধ্যে অনিবার্য সম্পর্ক প্রয়োজন।

প্রশ্ন ১৯। সকল শব্দকে পদ বলা যায় কী? ব্যাখ্যা কর। [দি. বো. '১৭,]

উত্তর: সকল শব্দকে পদ বলা যায় না। কেননা সকল শব্দের একটি অংশই পদ হিসেবে ব্যবহৃত হওয়ার যোগ্য। সকল শব্দ কোনো যুক্তিবাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হতে পারে না। তাই সকল শব্দকে পদ বলা যায় না।

প্রশ্ন ২০। একটি যুক্তিবাক্যে দুটি পদ প্রয়োজন কেন? [ম. বো. '১৬,]

উত্তর: একটি যুক্তিবাক্য উদ্দেশ্য সংযোজক বিধেয় আকারে গঠিত হয়ে থাকে। যেহেতু যুক্তি বাক্যের গঠনত ক্ষেত্রে দুটি পদের অবস্থান হয়েছে। তাই একটি যুক্তিবাক্যে দুটি পদের প্রয়োজন।